উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
**jamalpursadar.jamalpur.gov.bd**

এপ্রিল, ২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জিন্নাত শহীদ পিংকি |
| পদবী | : | প্রশাসক, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর। |
| সভার তারিখ | : | ২৯ এপ্রিল, ২০২৫খ্রিঃ। |
| সময় | : | সকাল: ১০.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, জামালপুর সদর, জামালপুর। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে প্রশাসক হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, গত ০৮ এপ্রিল/২৫ হতে ১৪ এপ্রিল/২৫ পর্যন্ত দেশব্যাপী জাটকা সংরক্ষণ সপ্তাহ ২০২৫ পালিত হয়েছে। ০১ নভেম্বর/২৪ থেকে ৩০ জুন/২৫ পর্যন্ত জাটকা আহরণ, পরিবহন, বিক্রয়, মজুদ নিষিদ্ধ করা হয়েছে। এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন স্থানে ব্যানার স্থাপন, লিফলেট বিতরণ এবং মাছের বাজার ও আড়ত গুলোতে অভিজান চালানো হচ্ছে। আফ্রিকান মাগুর, পীরানহা, সাকার মাউথ ও ক্যাটফিস যেন কেউ চাষ, বিক্রয় বা মজুদ করতে না পারে সেজন্য নিয়মিত মাছের বাজার পরিদর্শন ও বিভিন্ন অভিজান পরিচালনা করা হচ্ছে। । এছাড়া দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম সরকারি নীতিমালা মোতাবেক সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক ১ নভেম্বর/২০২৪ হতে ৩০ জুন, ২০২৫ পর্যন্ত জাটকা আহরণ, বিক্রয় ও পরিবহন রোধে গণসচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০২. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, ইপিআই এবং এইচপিভি টিকা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ০৯টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের মার্চ, ২৫ মাসে আগত সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৯,২৫১ জন। ৬৩ টি কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৪২,৬৮৮ জন, গর্ভকালীন (এএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ১,৫৪১ জন, প্রসব পরবর্তী (পিএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৯৮২ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা ৩৬৩ জন এবং এ আর আই রোগীর সংখ্যা ৪৫৯ জন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করণ সহ বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০৩. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, কৃষি বিভাগের মাধ্যমে জামালপুর সদর উপজেলায় বিভিন্ন ইউনিয়নে ৪৮০ জন কৃষকের মাঝে বিনামূল্যে পাট বীজ ও সার বিতরণ করা হয়েছে। বোরো ধানের কর্তন চলমান রয়েছে। বোরো ধান কর্তনের জন্য বিভিন্ন ইউনিয়নে কম্বাইন হারভেষ্টার সচল রাখা আছে, যা ধান কর্তনে ভাড়ায় ব্যবহার করা যাবে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যা সমাধানের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার জামালপুর সদর জামালপুর। |
| ০৪. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, এপ্রিল/২৫ মাসে উপজেলা প্রাণীসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সদর কর্তৃক গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে ১,৯২০ টি, গবাদি পশুর টিকা প্রদান করা হয়েছে-৪০০ টি, হাস মুরগী-১,৪৬,৯০০ টিকা এবং চিকিৎসা প্রদান করা হয়েছে। ০৮টি নমুনা সংগ্রহ করে গবেষনাগারে পাঠানো হয়েছে। ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে-০১টি, এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে-১০টি। ক্ষুদ্র নৃ গোষ্ঠী উন্নয়ন প্রকল্পের আওতায় সুফল ভোগীদের মাঝে ০৬টি বকনা বিতরণ করা হয়েছে। এল.ডি.ডি.পি প্রকল্পের আওতায় হৃষ্টপুষ্ট করণ পিজির ৬৭ জন সদস্যদের মাঝে উপকরন বিতরণ করা হয়েছে। এছাড়া কোরবানির ঈদকে সামনে রেখে নিরাপদ মাংস উৎপাদনের লক্ষে স্টেরয়েড, হরমোন, ব্রয়লার ফিড খাওয়ানোর কুফল সম্পর্কে খামারিদের সচেতন করতে উঠান বৈঠক ও মতবিনিময় সভা চলমান রয়েছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০৫. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | (ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর, সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত ও থোক বরাদ্দের টাকা থেকে মোট ৩,০০,৫০,৭২৭ (তিন কোটি পঞ্চাশ হাজার সাতশত সাতাশ) টাকার প্রকল্প তালিকা (পরিশিষ্ট-ক) মোতাবেক অনুমোদনের প্রেক্ষিতে টেন্ডার প্রক্রিয়ার কাজ শেষ করে ঠিকাদার নির্বাচন করে ওয়ার্ক অর্ডার প্রদান করা হয়েছে এবং কাজ চলমান আছে। এছাড়া ইউনিয়নওয়ারী পিআইসির কাজ চলমান রয়েছে। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্ত ও থোক বরাদ্দের টাকা থেকে মোট ৩,০০,৫০,৭২৭ (তিন কোটি পঞ্চাশ হাজার সাতশত সাতাশ) টাকার প্রকল্প তালিকা (পরিশিষ্ট-ক) মোতাবেক কার্যাদেশ প্রদান করে দ্রুত বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা প্রকৌশলী জামালপুর সদর জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বিভিন্ন ইউনিয়নের চাহিদার প্রেক্ষিতে (ক) ০৭ নং ঘোড়াধাপ ইউনিয়নের কটারবাড়ী চান মিয়ার বাড়ী হইতে মসজিদ হইয়া খুশুর বাড়ীর কালভার্ট পর্যন্ত রাস্তা সলিং করন। (খ) ০৭ নং ঘোড়াধাপ ইউনিয়নের দারিকাজানী পুইল্লা জানী ব্রীজ হইতে দারিকাজানী জামে মসজিদ পর্যন্ত রাস্তা সলিং করন। (গ) ১৩ নং মেষ্টা ইউনিয়নের আরংঘাটি গ্রামের এলজিইডির রাস্তা থেকে পূর্ব দিকে আলহাজ্ব মরহুম এফাজ উদ্দিন ও মো: নুরুল ইসলামের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার। (ঘ) তুলশীরচর ইউনিয়নের মধ্যগজারিয়া গ্রামের শান্তির মোড় সাইদুরের বাড়ী সংলগ্ন ইউ ড্রেন নির্মাণ। (ঙ) তুলশীরচর ইউনিয়নের মধ্যগজারিয়া মোতালেবের বাড়ীর উত্তর পাশে ইউ ড্রেন নির্মাণ। (চ) ইটাইল ইউনিয়নের দমদমা বোয়ালমারী ক্বারী নওয়াব আলী কেরাতুল কুরআন মাদ্রাসা সংলগ্ন ইউ ড্রেণ নির্মাণ। (ছ) রশিদপুর চকগোপীনাথপুর সড়কে বক্স কালভার্ট নির্মাণ প্রকল্পগুলো আর এফ কিউ এম পদ্ধতিতে এবং (জ) ০২ নং শরিফপুর ইউনিয়নের শ্রীরামপুর উচ্চ বিদ্যালয়ের অযুখানা নির্মাণ (ঝ) মেষ্টা হাজীপুর উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ- (ঞ) মেষ্টা চান্দের হাওড়া গাইড় ওয়াল নির্মাণ (ট) ০৮ নং বাশচড়া ইউনিয়নের পশ্চিম জামিরা কাটাখালি জিয়াউরের দোকানের মোড় হইতে মো: জাহাঙ্গীর আলম এর বাড়ী পর্যন্ত রাস্তা সলিং করন। (ঠ) মেষ্টা আরংঘাটি গুজার মোড় ঘাট থেকে ঢুলুবাড়ী পর্যন্ত (ড) ০১ নং কেন্দুয়া ইউনিয়নের সোনাকাতা মুন্সীবাড়ী সড়ক (ঢ) ১৩ নং মেষ্টা ইউনিয়নের চান্দের হাওড়া সাবেত মন্ডলের বাড়ী থেকে চান্দের হাওড়া সকাল বাজার অভিমুখে ২০০ মিটার ইটের সলিং করন (ণ) ১৪ নং দিগপাইত ইউনিয়নের পূর্বপাড় দিঘুলী চকপাড়া ব্রীজ পাড় থেকে দক্ষিন দিকে ফয়েজের বাড়ীর ৩ রাস্তার মোড় হয়ে মোফাজ্জলের বাড়ীর পাশ দিয়ে নজুফলের বাড়ির তিন রাস্তার মোড় পর্যন্ত (মাটি ভরাট) রাস্তা সংস্কার (ত) ০৯ নং রানাগাছা ইউনিয়নের ঘোড়াকান্দা খানবাড়ী ইটের সলিং (থ) ১২ নং তিতপল্লা ইউনিয়নের কামালখান নারায়নপুর আকন্দপাড়া জহুরুলের বাড়ী থেকে বাবুর বাড়ীর মাঝামাঝি রুহুল আমিন এর বাড়ির নিকট পুকুর পাড়ের প্যালাসাইডিং নির্মাণ এবং (দ) ০১ নং কেন্দুয়া ইউনিয়নের জালালেরপাড় জান্নাতুল ফেরদৌস মসজিদ সংস্কার প্রকল্পগুলো টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়নের সুপারিশ করেন। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | (খ) বিস্তারিত আলোচনান্তে, ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় বিভিন্ন ইউনিয়নের চাহিদার প্রেক্ষিতে (ক) ০৭ নং ঘোড়াধাপ ইউনিয়নের কটারবাড়ী চান মিয়ার বাড়ী হইতে মসজিদ হইয়া খুশুর বাড়ীর কালভার্ট পর্যন্ত রাস্তা সলিং করন। (খ) ০৭ নং ঘোড়াধাপ ইউনিয়নের দারিকাজানী পুইল্লা জানী ব্রীজ হইতে দারিকাজানী জামে মসজিদ পর্যন্ত রাস্তা সলিং করন। (গ) ১৩ নং মেষ্টা ইউনিয়নের আরংঘাটি গ্রামের এলজিইডির রাস্তা থেকে পূর্ব দিকে আলহাজ্ব মরহুম এফাজ উদ্দিন ও মো: নুরুল ইসলামের বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কার। (ঘ) তুলশীরচর ইউনিয়নের মধ্যগজারিয়া গ্রামের শান্তির মোড় সাইদুরের বাড়ী সংলগ্ন ইউ ড্রেন নির্মাণ। (ঙ) তুলশীরচর ইউনিয়নের মধ্যগজারিয়া মোতালেবের বাড়ীর উত্তর পাশে ইউ ড্রেন নির্মাণ। (চ) ইটাইল ইউনিয়নের দমদমা বোয়ালমারী ক্বারী নওয়াব আলী কেরাতুল কুরআন মাদ্রাসা সংলগ্ন ইউ ড্রেণ নির্মাণ। (ছ) রশিদপুর চকগোপীনাথপুর সড়কে বক্স কালভার্ট নির্মাণ প্রকল্পগুলো আর এফ কিউ এম পদ্ধতিতে এবং (জ) ০২ নং শরিফপুর ইউনিয়নের শ্রীরামপুর উচ্চ বিদ্যালয়ের অযুখানা নির্মাণ (ঝ) মেষ্টা হাজীপুর উচ্চ বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণ- (ঞ) মেষ্টা চান্দের হাওড়া গাইড় ওয়াল নির্মাণ (ট) ০৮ নং বাশচড়া ইউনিয়নের পশ্চিম জামিরা কাটাখালি জিয়াউরের দোকানের মোড় হইতে মো: জাহাঙ্গীর আলম এর বাড়ী পর্যন্ত রাস্তা সলিং করন। (ঠ) মেষ্টা আরংঘাটি গুজার মোড় ঘাট থেকে ঢুলুবাড়ী পর্যন্ত (ড) ০১ নং কেন্দুয়া ইউনিয়নের সোনাকাতা মুন্সীবাড়ী সড়ক (ঢ) ১৩ নং মেষ্টা ইউনিয়নের চান্দের হাওড়া সাবেত মন্ডলের বাড়ী থেকে চান্দের হাওড়া সকাল বাজার অভিমুখে ২০০ মিটার ইটের সলিং করন (ণ) ১৪ নং দিগপাইত ইউনিয়নের পূর্বপাড় দিঘুলী চকপাড়া ব্রীজ পাড় থেকে দক্ষিন দিকে ফয়েজের বাড়ীর ৩ রাস্তার মোড় হয়ে মোফাজ্জলের বাড়ীর পাশ দিয়ে নজুফলের বাড়ির তিন রাস্তার মোড় পর্যন্ত (মাটি ভরাট) রাস্তা সংস্কার (ত) ০৯ নং রানাগাছা ইউনিয়নের ঘোড়াকান্দা খানবাড়ী ইটের সলিং (থ) ১২ নং তিতপল্লা ইউনিয়নের কামালখান নারায়নপুর আকন্দপাড়া জহুরুলের বাড়ী থেকে বাবুর বাড়ীর মাঝামাঝি রুহুল আমিন এর বাড়ির নিকট পুকুর পাড়ের প্যালাসাইডিং নির্মাণ এবং (দ) ০১ নং কেন্দুয়া ইউনিয়নের জালালেরপাড় জান্নাতুল ফেরদৌস মসজিদ সংস্কার প্রকল্পগুলো টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | (খ) উপজেলা প্রকৌশলী জামালপুর সদর জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন যে, তাঁর দপ্তরের আওতায় এপ্রিল, ২০২৫ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ১,২২,২১০ জন, স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে (মহিলা) ৫৯ জন এবং পুরুষ ০০ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) ৬৫ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) ১২২ জন, নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ৯৫ জন এবং সিজারিয়ান প্রসবসেবা ০৬ জন। পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) ৭৮.৩৭%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা জামালপুর সদর জামালপুর। |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম ও ২য় পর্যায়ের প্রকল্পের কাজ সমূহ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৮০%। এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম ও ২য় পর্যায়ের গৃহিত প্রকল্পের কাজ সমূহ চলমান রয়েছে। কাজের অগ্রগতি ৮০%। এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় উপকার তালিকা হালনাগাদ করনের কাজ সমাপ্ত হয়েছে। এবং অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর অগ্রাধিকার প্রকল্প তালিকা আগামী ৩ কর্মদিবসের মধ্যে জমা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। | সরকারি নীতিমালা মোতাবেক টিআর, কাবিখা ও কাবিটার কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামালপুর সদর,জামালপুর। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন অত্র দপ্তরের সকল কাজ স্বাভাবিকভাবে চলমান। এস.এস.সি/সমমানের পরীক্ষা চলমান রয়েছে। সুষ্ঠ সুন্দর ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জামালপুর সদর। |
| ০৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর জনাব জাহিদুল ইসলাম সভায় জানান যে, অত্র জামালপুর সদর উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০২৫ শিক্ষাবর্ষের ১ম(প্রথম) প্রান্তিক মূল্যায়ন আগামী ৫ মে,২০২৫খ্রি: তারিখ হতে শুরু হয়ে ১৫ মে, ২০২৫খ্রি: তারিখে শেষ হবে। বিদ্যালয়ের মানসম্মত পাঠদান কার্যক্রম সহ শিক্ষক/ শিক্ষিকাগণের উপস্থিতি ও ছাত্র/ছাত্রীদের উপস্থিতির বিষয়ে মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জামালপুর সদর জামালপুর। |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ব্যক্তির ভাতা অনলাইন নিবন্ধন আবেদন চলমান রয়েছে। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী, হিজড়া, অনগ্রসর ভাতা ও প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রাপ্তদের ৩য় কিস্তির তিন মাসের পে-রোল প্রেরণ করা হয়েছে। পে-রোল প্রেরণের পরবর্তীতে অসাধু হ্যাকারদের প্রতারণার প্রবণতা বৃদ্ধি পায়। তাই সবাইকে ভাতাভোগীদের পিন নম্বর সর্তক রাখার জন্য অনুরোধ করা হয়। মৃত ভাতাভোগীদের দ্রুত সময়ের মধ্যে প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে ইউনিয়ন কমিটির প্রতিনিধিদের বিশেষভাবে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া ক্যান্সার ও কিডনি রোগীদের চিকিৎসার জন্য আবেদন সাপেক্ষে জেলা সমাজসেবার কার্যালয় থেকে এক কালীন আর্থিক সহযোগীতা মঞ্জুর করা হয়ে থাকে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরের অতিরিক্ত প্রতিবন্ধী ভাতা অনুমোদন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিন নাম্বার সম্পর্কে উপকার ভোগীদের সচেতনতা বৃদ্ধির জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জামালপুর সদর ২।চেয়ারম্যান........(সকল) ইউপি, জামালপুর সদর। |
| ১২. | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় বলেন যে, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীর বদলী এবং যোগদানের বিষয়টি নিয়মিত হলেও সংশ্লিষ্ট দপ্তর গুলোর ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ করা হচ্ছে না। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে দ্রুত পোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প এর মাধ্যমে জামালপুর সদর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে ৪৭০টি ইন্টারনেট সংযোগ স্থাপন করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১৩. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে ৩৯০টি সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গেয়েছিল যার মধ্যে ৩৯০টি নলকূপের বোরিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। প্লাটফরমের কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৯৮টি ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গিয়াছে যা কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশ বেসিন এর ২০০টি বরাদ্দ পাওয়া গিয়াছে এবং কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জামালপুর সদর জামালপুর। |
| ১৪. | বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর সভায় বলেন যে, ২০২৪-২৫ অর্থ বছরে জামালপুর জেলার সদর উপজেলা সমূহে বারিড পাইপ লাইনের (ভূ-গর্ভস্থ সেচনালা) মাধ্যমে ৩৫টি গভীর নলকূপ দ্বারা ৯০০ হেক্টর, ০৪ টি এলএলপি দ্বারা ৯০ হেক্টর এবং ২টি সৌর বিদ্যুৎ চালিত ডাগওয়েল দ্বারা সেচ | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সুবিধা প্রদান করা হচ্ছে। এ বছর নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা থাকার ফলে চলমান বোরো মৌসুমে বাম্পার ফলনের আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | | সদর, জামালপুর |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ২২,০০,০০০ টাকা এবং বর্তমান মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ১,৮১,৩১০ টাকা। চলতি অর্থ বছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০ জন। প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়েছে ৩৩০ জন এবং নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে ১৫ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১৬. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর সভায় বলেন যে, জামালপুর জেলা সদরে ১০ জন ওএমএস ডিলারের মাধ্যমে দৈনিক ১০ মে.টন করে চাল ও দৈনিক ১০ মে.টন আটা বিক্রয় কার্যক্রম চলমান আছে। নতুন নিয়োগকৃত ৬৩ জন ওএমএস ডিলারের মাধ্যমে মার্চ ও এপ্রিল/২৫ মাসে খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠভাবে শেষ হয়েছে। অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৫ মৌসুমের আওতায় জামালপুর সদর উপজেলায় সিদ্ধ চালের ১৯,২৬৪ মে.টন লক্ষ্যমাত্রার বিপরীতে ১,৯০৮.৫৯০ মে.টন চুক্তি করা হয়েছে। আগামী ১৫/০৫/২০২৫খ্রি: তারিখ পর্যন্ত চুক্তি সম্পাদনের তারিখ নির্ধারিত আছে। অদ্য পর্যন্ত সিংহজানী এলএসডিতে ২৩৩.৪৫০ মে.টন সিদ্ধ চাল ও পিয়ারপুর এলএসডিতে ৪৩.৫০০ মে.টন সহ সর্বমোট ২৭৬.৯৫০ মে.টন সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে। আগামী ৩১/০৮/২০২৫খ্রি: পর্যন্ত বোরো সংগ্রহ২০২৫ কার্যক্রম চলমান থাকবে। বোরো ধানের লক্ষ্যমাত্রা ২,৪৪৫ মে.টন। ব্যাপক প্রচার প্রচারণা অব্যাহত আছে। কৃষকের অ্যাপ এ কৃষক নিবন্ধন চলমান আছে। স্থানীয় বাজার সমূহে ধানের দাম সরকারি মূল্যের থেকে কম হওয়ায় ধান ক্রয় করা সম্ভব হচ্ছে না। এছাড়া উপজেলায় বিভিন্ন হাট বাজারে বাজার মূল্য মনিটিরিং, মজুত বিরোধী অভিযান, মিল পরিদর্শন ও প্রশাসনের সহায়তায় ভ্রাম্যমান মোবাইল কোর্ট পরিচালনা কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় সকল কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জামালপুর সদর জামালপুর। |
| ১৭. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১৮. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, এপ্রিল/২৫ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ১২.৫০ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৫.৯০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১২০০.৫৪ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১০৬২.৭৭ লক্ষ টাকা। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্থারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকা সহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১৯. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় সকল কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ২০. | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ফরেস্টার জামালপুর সদর জামালপুর। |
| ২১. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), জামালপুর সদর সভায় জানান, ইউজিডিপির আওতায় বাস্তবায়িত সকল অবকাঠামো উন্নয়ন প্রকল্পের পরিদর্শন কাজ চলমান আছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস আপলোড এবং শাহবাজপুর ইউনিয়নের জন্য নিবন্ধক হিসেবে দায়িত্ব পালন চলমান রয়েছে। তাছাড়া পঞ্চবার্ষিক পরিকল্পনা তৈরির জন্য তথ্য সংগ্রহের কাজ বিদ্যমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে তথ্য দিয়ে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জামালপুর সদর জামালপুর। |
| ২২. | উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, তার দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ২৩. | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক জামালপুর সদর জামালপুর। |
| ২৪. | উপজেলা (পিডিবিএফ) বিভাগ। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ২৫. | উপজেলা পাট উন্নয়ন বিভাগ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর সভায় সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |

<table>
<tr><td>২৬.</td><td>তথ্য আপা</td><td>উপজেলা তথ্য আপা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।</td><td>তথ্য আপা<br>জামালপুর সদর<br>জামালপুর।</td></tr>
<tr><td>২৭.</td><td>এজিএম<br>পল্লী বিদ্যুৎ সমিতি</td><td>সহ: জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ, জামালপুর সভায় বলেন যে, মার্চ/২৫ পর্যন্ত নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে সর্বমোট-৫৭৯টি। যারমধ্যে আবাসিক-৪৯৫টি, বাণিজ্যিক-৫৩টি, শিল্প-০৩টি, সেচ-১৪টি এবং অন্যান্য-১৫টি। এছাড়া মার্চ/২৫ পর্যন্ত সর্বমোট বকেয়া বিদ্যুৎ বিল বাবদ ৩,৩৭,৭৭৭ টাকা। যার মধ্যে সকল ইউনিয়ন পরিষদ ৫১,১১৬ টাকা, সরকারি প্রাথমিক বিদ্যালয় ৩৬,৯৪৭ টাকা, কমিউনিটি ক্লিনিক ২,৭৩০ টাকা ও অন্যান্য ২,৪৬,৯৮৪ টাকা পাওনা রয়েছে। সকলকে তাদের সমুদয় বকেয়া পরিশোধের জন্য এ সভার মাধ্যমে অনুরোধ করেন। তিনি সভায় আরো বলেন যে, চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ না পাওয়ায় প্রায় (৩০-৩৫)% লোডশেডিং করতে হয়। সকলকে এ লোডশেডিং কালীন সময়ে ধৈয্য সহকারে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন এছাড়া নিরাপদ বিদ্যুৎ ব্যবহার/বিদ্যুৎ সাশ্রয়/অন্যান্য বিষয়ে গ্রাহক প্রান্তে ০১টি গণশুনানী ও ০১টি উঠান বৈঠকের আয়োজন করা হয়।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা ও নিয়ম মোতাবেক নতুন বিদ্যুৎ সংযোগ স্থাপন ও বকেয়া বিদ্যুৎ বিল উত্তোলন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>এজিএম<br>পল্লী বিদ্যুৎ সমিতি<br>জামালপুর।</td></tr>
<tr><td>২৮.</td><td>বিবিধ</td><td><u>উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>সভায় গত ১৮ মার্চ, ২০২৫ খ্রি: তারিখ হতে ২৮ এপ্রিল, ২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের নিম্নবর্ণিত খাতসমূহ হতে বিভিন্ন খরচের ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়েছে এবং উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করার জন্য প্রস্তাব পেশ করেন। নিম্নে ব্যয়ের খাত ও টাকার পরিমান সভায় উপস্থাপন করা হলো:-
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>অফিস ও বাসাবাড়ী মেরামত</td><td>২৫,০০০</td></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>আপ্যায়ন ও অফিস স্টেশনারী</td><td>৪২,৯২৫</td></tr>
<tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>২০,৯০০</td></tr>
<tr><td>বিদ্যুৎ বিল পরিশোধ</td><td>৩০,০০০</td></tr>
<tr><td>সিসি ক্যামেরা স্থাপন</td><td>৪২,৪১৬</td></tr>
<tr><td>আসবাবপত্র ক্রয় ও মেরামত</td><td>১,২৪,৮০০</td></tr>
<tr><td>অপ্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান</td><td>৫০,০০০</td></tr>
<tr><td>সোলার প্যানেল মেরামত</td><td>৭৮,২৫৭</td></tr>
<tr><td>বিজ্ঞাপন বিল</td><td>২৯,৯০০</td></tr>
<tr><td>ভূমি উন্নয়ন কর আদায় খরচ</td><td>৭৮,৮০০</td></tr>
<tr><td>প্রকাশনা খাতে খরচ</td><td>২৫,০০০</td></tr>
<tr><td>জীপ গাড়ী মেরামত</td><td>৩২,২৮৪</td></tr>
<tr><td>বিভিন্ন কাজের জামানত ফেরত</td><td>৭৯,৯৯৮</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৬,৬৭,৭১৩</td></tr>
</table>
কথায় : (ছয় লক্ষ সাতষট্টি হাজার সাতশত তেরো) টাকা মাত্র।<br>এমতাবস্থায়, উল্লিখিত বিবরণ মোতাবেক খাতওয়ারী ব্যয়িত টাকা উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করা যেতে পারে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর খাত ওয়ারী বিভিন্ন অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ পূর্বক (ছয় লক্ষ সাতষট্টি হাজার সাতশত তেরো) টাকা ব্যয় পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>প্রশাসক<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সদর, জামালপুর।</td></tr>
</table>

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

(জিন্নাত শহীদ পিংকি)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নম্বর ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৫-

তারিখ: <u>১৬ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ</u>
২৯ এপ্রিল, ২০২৫ খ্রি:।

<u>কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-</u>

১। উপজেলা.......................................................অফিসার, জামালপুর সদর, জামালপুর।
২। চেয়ারম্যান.......................................................ইউনিয়ন পরিষদ (সকল), জামালপুর সদর, জামালপুর।
৩। জনাব.......................................................সদস্য, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৪। জনাব .......................................................

২৯/৪/২৫

উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর
জামালপুর।

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৫- ৫২০(ক)

তারিখ: ১৬ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
২৯ এপ্রিল, ২০২৫ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। মেয়র/প্রশাসক, জামালপুর পৌরসভা, জামালপুর।
৬। অফিস কপি।